

## অজানা গন্তব্য

আমি হাটছিলাম শুধু  
সামনের দিকে;  
পেছনে না তাকিয়ে ।

সামনে ও কি আছে  
ছিল না জানা ।  
সময়টা বা কতটা প্রহরে  
তা ও ছিল না জানা ।

হঠাৎ অদৃশ্য ছায়া হয়ে এলে তুমি  
কোন এক মাইলফলকের কাছে ।  
থমকে দাড়ালাম;  
সামনে তাকালাম  
নেই তুমি; ছায়াও নেই  
আছে তোমার স্পর্শ ।  
তোমার দেহের ভেজা ভেজা গন্ধ আর  
মাটিতে ভেজা পদচিহ্ন ।

তার পর থেকে  
আবার পথ চলা শুরু  
পথ চলা; মাঝে থমকে যাওয়া  
তোমার দৃশ্যমান অবয়ব খোঁজা ।

হাটা; প্রতিনিয়ত হাটা  
অজানা গন্তব্যের দিকে ।

জাভেদ আকতার  
প্রথমকবিতা@জিমেইল.কম ।